



পাবনা ক্যাডেট কলেজ
পাবনা।
দুরালাপনী : ০৭৩১-৬৬০৭৫
ই-মেইল : pcc.adjt@army.mil.bd

বৈশাখ ১৪২৭

২৩.০১.৯১১.৭৬১.০২.০২৬.২৪.০৪.০৩.২০/

মে ২০২১

২০২১-২০২২ অর্থ বছরের কলেজ ফিস পুনঃ নির্ধারণের জন্য মাসিক আয়ের প্রত্যয়ন পত্র প্রেরণ প্রসঙ্গে

১। আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই ২০২১ থেকে জুন ২০২২ পর্যন্ত আপনার পুত্র/পোষ্য মাসিক কলেজ ফি পুনঃ নির্ধারণ করার নিমিত্তে এ পত্রের সাথে সংযুক্ত ক্রোড়পত্র “ক” অনুযায়ী মাসিক আয় সংক্রান্ত তথ্যাবলী যথাযথভাবে পূরণ করে আগামী ২৫ মে ২০২১ তারিখের মধ্যে অত্র কলেজে প্রেরণ/জমা দানের জন্য অনুরোধ করা হলো।

২। **চাকুরিরত অভিভাবকের জন্য :** সামরিক ও বেসামরিক বাহিনীতে কর্মরত অভিভাবকগণ সংশ্লিষ্ট ইউনিটের অধিনায়ক কর্তৃক স্বাক্ষরিত মাসিক বেতন ভাতার সনদপত্র প্রেরণ করতে হবে। অন্যান্য সরকারী/বেসরকারী চাকুরিজীবী অভিভাবকগণ মাসিক মূলবেতন, ভাতাদি ও অন্যান্য আয় উল্লেখ করে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে (এক্ষেত্রে মাসিক আয়ের প্রত্যয়নপত্র ক্রোড়পত্র “ক” এর অনুচ্ছেদ নম্বর ৫ এ বর্ণিত তথ্য উক্ত প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে)। উল্লেখ্য, পিতা-মাতা উভয়ে চাকুরিজীবী হলে উক্ত বেতন নির্ধারণী ফরম ক্রোড়পত্র ‘ক’ পিতা এবং মাতা উভয়ে ২ জনের জন্য ২টি পৃথকভাবে পূরণ করে প্রেরণ করতে হবে।

৩। **ব্যবসায়ী এবং করদাতা অভিভাবকের জন্য :**

(ক) বিগত বৎসরের আয়কর রিটার্নের সত্যায়িত কপি।

(খ) সংশ্লিষ্ট কর কমিশনার হতে মোট নিরূপিত আয় এবং পরিশোধিত করের পরিমাণ উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে। ব্যবসায়ী অভিভাবকের ক্ষেত্রে উক্ত সনদপত্রে প্রতিটি ব্যবসায়ের প্রকৃতি ও অবস্থান বিস্তারিত উল্লেখ থাকতে হবে।

৪। **ডাক্তারী পেশায় নিয়োজিত অভিভাবকদের জন্য :** যে সমস্ত অভিভাবক চাকুরিরত অবস্থায় প্রাইভেট প্র্যাকটিস করেন না, তাদের এই মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে এবং যারা প্রাইভেট প্র্যাকটিস করেন তাদের চেম্বার এর ঠিকানা আয়ের প্রত্যয়নপত্র ‘ছক’ এর ৬ (টি) নম্বর অনুচ্ছেদে উল্লেখ করতে হবে।

৫। **বিদেশে কর্মরত অভিভাবকদের জন্য :** যে সমস্ত অভিভাবক বিদেশে বেসরকারী সংস্থায় কর্মরত আছেন, তাঁদের বেলায় চাকুরিরত দেশের নাম উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট বিভাগ/প্রতিষ্ঠান থেকে আয়ের প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

৬। **অন্যান্য অভিভাবকদের জন্য :** জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

৭। নির্ধারিত তারিখের মধ্যে উক্ত প্রত্যয়ন পত্র প্রেরণে ব্যর্থ হলে অথবা আপনার প্রকৃত আয়ের উৎস সম্পর্কে কোনরূপ তথ্য গোপন অথবা আপনার দেওয়া প্রত্যয়নপত্রে উল্লিখিত আয় সম্পর্কে কলেজ কর্তৃপক্ষের সন্দেহ হলে এবং আয় গোপনের প্রমাণ পেলে সর্বোচ্চ হারে কলেজ ফিস ধার্যসহ আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। এছাড়াও আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ জুন ২০২১ তারিখ বর্তমান ২০২০-২০২১ অর্থ বছর শেষ হবে। আপনার পুত্র/পোষ্যের জুন ২০২১ পর্যন্ত কলেজ ফি পরিশোধের শেষ তারিখ ১৫ মে ২০২১। এমতাবস্থায় বর্তমান অর্থ বছরে আপনার পুত্র/পোষ্যের কলেজ ফি ও অন্যান্য পাওনা বকেয়া থাকলে তা জরুরী ভিত্তিতে পরিশোধ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৯। ইহা আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

-----স্বাক্ষরিত-----

মোঃ গোলাম সরওয়ার
অধ্যক্ষ

সংযুক্তি : ক্রোড়পত্র ‘ক’ ০১ (এক) পাতা।

বিতরণ :

বহির্গমন :

কার্যক্রম :

